খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি
ঠিকরাবন্দ, খুলনা

দুরালাপনী
অফিস : ০১৭৬৯-৪০০০৪০
হটলাইন : ০১৭৬৯-৪০৪০৬৯
অভিযোগ কেন্দ্র : ০১৭৬৯-৪০১৩২৩
ই-মেইল : khulnapbs@yahoo.com
ওয়েবসাইট : www.pbs.khulna.gov.bd

স্মারক নং-২৭.১২.৪৭১২.৫৬৭.০২.০০৮.২৪. ৩১৭৮

তারিখঃ- ০২ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৬ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

খুলনা পল্লী বিদ্যুৎ সমিতিতে লোকবল নিয়োগ/ প্যানেল প্রস্তুতের জন্য নিম্নবর্ণিত পদের পাশে বর্ণিত যোগ্যতা সম্পন্ন আগ্রহী প্রার্থীগণের নিকট হতে অন-লাইনে **http://pbskln.teletalk.com.bd-** এর মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| পদের নাম | পদের সংখ্যা | বয়স সীমা | বেতন/ভাতা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলা/উপজেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|---|
| মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (১ বছর মেয়াদে চুক্তিভিত্তিক) | ২৮ (আটাশ) টি (কম/ বেশি হতে পারে) | ১২/০২/২০২৪ খ্রিঃ তারিখে বয়স ১৮ হতে ২৫ বছরের মধ্যে হতে হবে। | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী মূল বেতন ১৪,৭০০.০০ টাকা। এছাড়া নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি। | ১। শিক্ষাগত যোগ্যতাঃ প্রার্থীকে ন্যূনতম এসএসসি/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>২। প্রার্থীকে অবশ্যই যোগ, বিয়োগ, গুণ ও ভাগ করার দক্ষতা থাকতে হবে এবং হাতের লেখা সুন্দর হতে হবে।<br>৩। (ক) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত, উত্তম চরিত্রের এবং সুন্দর ও সুঠাম দেহের অধিকারীসহ ভাল ব্যক্তিত্বের হতে হবে।<br>(খ) গ্রাম-গঞ্জের প্রত্যন্ত এলাকায় গিয়ে রিডিং গ্রহণ এবং বিল বিতরণের কাজ করার মানসিকতা থাকতে হবে এবং পবিস এর লক্ষ্য ও কর্মসূচী সম্পর্কে গ্রাহককে অবহিত করতে হবে।<br>৪। বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে এবং অবশ্যই নিজস্ব বাই সাইকেল থাকতে হবে।<br>৫। নিরাপত্তা জামানত হিসেবে পবিস -এর ক্যাশ শাখায় ১০,০০০.০০ (দশ হাজার) টাকা জমা প্রদানের সামর্থ্য থাকতে হবে। | খুলনা জেলার স্থায়ী নাগরিকগণ (খুলনা পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগোলিক এলাকা বহির্ভুত ফুলতলা উপজেলা ও রূপসা উপজেলার আংশিক ব্যতীত) আবেদন করতে পারবেন না। |

**নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ**

০১। প্রার্থীর বয়সঃ **১২/০২/২০২৪ খ্রি: তারিখে প্রার্থীর বয়স সীমা** ১৮ হতে ২৫ বছরের মধ্যে হতে হবে। বয়সের প্রমাণক হিসেবে এসএসসি/সমমানের সনদ বিবেচিত হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০২। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত এবং বিভাগীয় প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করবেন। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৩। **প্রার্থীর যোগ্যতা যাচাইঃ**

প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত সকল সনদের ফটোকপি দাখিল করতে হবে:

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদ);
(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ;
(গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ;
(ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ ;
(ঙ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant`s Copy) ও Admit Card।

০৪। লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচী পরবর্তীতে খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি-এর নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে http://pbs.khulna.gov.bd এবং পরীক্ষার প্রবেশপত্র টেলিটকের http://pbskln.teletalk.com.bd লিংকের মাধ্যমে সরবরাহ করা হবে এবং প্রার্থীদের অনলাইন আবেদন ফরমে প্রদত্ত মোবাইল নম্বরে sms-এর মাধ্যমে জানানো হবে।

০৫। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হবেন।

**চলমান পৃষ্ঠা-০২**

০৬। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ. প্রদান করা হবে না।

০৭। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৮। নিয়োগের ক্ষেত্রে বাপবিবোর্ড/খুলনা পবিস কর্তৃক সর্বশেষ জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

০৯। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১০। সংশ্লিষ্ট পদে নির্বাচিত প্রার্থীকে ০১ (এক) বৎসর মেয়াদে চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। চুক্তিকালীন অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে চলতি চুক্তির মেয়াদ পূর্ণ হওয়ার পর ন্যূনতম ০১/০২ দিনের বিরতি দিয়ে পরবর্তী ০১ (এক) বৎসরের জন্য পুনরায় চুক্তি করা যাবে। তবে চুক্তি সম্পাদিত হলেও ১ম পক্ষের লোকবল প্রয়োজন না হলে ১ম পক্ষ কর্তৃক ২য় পক্ষের সাথে সম্পাদিত চুক্তিপত্রের শর্ত মোতাবেক চুক্তির অবসান ঘটাতে পারবেন।

১১। খুলনা পবিস-এর এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ (First Blood) অথবা তাদের স্বামী/স্ত্রীর রক্ত সম্পর্কীয় কেউ (First Blood) আবেদন করতে পারবেন না।

১২। চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার এর চাকুরি শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন বলবৎ থাকবে, যা কোনক্রমেই স্থায়ী করা হবে না।

১৩। দুই বা তার অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল করা হবে।

১৪। ইতিপূর্বে অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে অব্যাহতিপ্রাপ্ত/ অপসারিত/ বরখাস্ত/ স্বেচ্ছায় পদত্যাগকারী বা শৃঙ্খলা বিরোধী কাজে জড়িত ছিলেন/দেশের ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই। যদি কেউ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হন তবে কোন প্রকার তদন্ত ব্যতীরেকেই তাৎক্ষণিকভাবে চাকুরি হতে বরখাস্ত করা হবে।

১৫। স্থায়ী ঠিকানা গোপন করে অন্যের স্থায়ী ঠিকানা ব্যবহার করে অথবা তথ্য গোপন করে কোন প্রার্থী নিয়োগপ্রাপ্ত হলে চুক্তি বাতিলসহ তার বিরুদ্ধে দেশের প্রচলিত আইনানুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। পুলিশ ভেরিফিকেশন করা হবে এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে বা বিরূপ কোন তথ্য পাওয়া গেলে তা অবগত করতঃ কোন প্রকার আগাম নোটিশ ব্যতিরেকে চুক্তি বাতিল করা হবে।

১৭। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের যোগদানের সময় অবশ্যই আবেদনপত্রের সাথে দাখিলকৃত সকল যোগ্যতা/অভিজ্ঞতা/অন্যান্য প্রয়োজনীয় সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে। প্রার্থী কোন সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে ব্যর্থ হলে/সনদপত্র গ্রহণযোগ্য না হলে অথবা তথ্যে কোন অসংগতি পরিলক্ষিত হলে তাকে চাকুরীতে যোগদান করতে দেয়া হবে না।

১৮। মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগের লক্ষ্যে নির্বাচিত প্রার্থীকে যোগদানের সময় পবিস এর অনুকূলে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা দিতে হবে, যা সন্তোষজনকভাবে চাকরি সমাপ্তির পর ফেরত প্রদান করা হবে।

১৯। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**[বিঃ দ্রঃ খুলনা পবিস, নেত্রকোনা পবিস, ময়মনসিংহ পবিস-৩, কিশোরগঞ্জ পবিস, যশোর পবিস-১, নোয়াখালী পবিস, দিনাজপুর পবিস-১, কক্সবাজার পবিস ও মানিকগঞ্জ পবিসসমূহে বর্ণিত পদে একই তারিখ ও সময়ে নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হবে।]**

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয় :**

(ক) **পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ http://pbskln.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:**

(i) অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ : **২২/০১/২০২৪ খ্রিঃ, সকাল ১০:০০ ঘটিকা।**

(ii) অনলাইনে আবেদনপত্র ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ : **১২/০২/২০২৪ খ্রিঃ, বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত।**

উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার সাম্প্রতিক সময়ে সংগৃহীত (৩ মাসের মধ্যে) রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষর সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online- এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

চলমান পৃষ্ঠা-৩

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে।

যদি Applicant's copy-তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন।

উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy-তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২.০০ (বারো) টাকাসহ অফেরতযোগ্য **সর্বমোট ১১২.০০ (একশত বারো)** টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS:

PBSKLN<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: PBSKLN ABCDEF& send to 16222

Reply: Applicant's Name, TK- 112 will be charged as application fee. Your PIN is 12345678, To pay fee Type PBSKLN <space>Yes<space>PIN and Send to 16222 নম্বরে।

দ্বিতীয় SMS:

PBSKLN space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: PBSKLN Yes 12345678

Reply: Congratulations Applicant's Name. Payment Completed Successfully for PBSKLN Application for (Post Name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://pbskln.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে:

PBSKLN<space>Help<space>User<space>User ID & send to 16222

Example: PBSKLN Help User ABCDEF & send to 16222

(ii) PIN Number জানা থাকলে:

PBSKLN<space>Help<space>PIN<space>PIN No & send to 16222

Example: PBSKLN Help PIN 12345678 & send to 16222

**(ঝ)** বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি -এর ওয়েবসাইট http://www.pbs.khulna.gov.bd-এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের http://pbskln.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য http://pbs.khulna.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

**(ঞ)** Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা alljobs.query@teletalk.com.bd এবং khulnapbs@yahoo.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk-এ ম্যাসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর subject-এ Organization Name: PBSKLN Post Name: MRCM, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

চলমান পৃষ্ঠা-৪

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

২০। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে

২১। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online -এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

(মোঃ জিল্লুর রহমান)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ**- (সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)

০১॥ নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা ।
০২॥ পরিচালক, পবিস মানব সম্পদ /পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃঅঃ), পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩॥ সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ) ।
০৪॥ জেলা প্রশাসক/পুলিশ সুপার, খুলনা।
০৫॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার...................................পবিস-১/২/৩/৪।
০৬॥ একান্ত সচিব, মাননীয় চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা ।
০৭॥ ডিজিএম- পাইকগাছা/ সেনেরবাজার/ডুমুরিয়া/কয়রা জোনাল অফিস/কারিগরি, খুলনা পবিস ।
০৮॥ এজিএম (ওএন্ডএম), দাকোপ/ তেরখাদা/শাহপুর সাব-জোনাল অফিস, খুলনা পবিস ।
০৯॥ এজিএম (অর্থ/ওএন্ডএম/এমএস/ইএন্ডসি/প্রশাসন), খুলনা পবিস ।
১০॥ এজিএম (আইটি), খুলনা পবিস (ওয়েবসাইট ও ফেজবুক পেইজে প্রকাশের নির্দেশনাসহ)।
১১॥ নোটিশ বোর্ড, খুলনা পবিস ।
১২॥ অফিস/মাস্টার কপি ।

জেনারেল ম্যানেজার
খুলনা পবিস।